

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

সহযোগী উপদেষ্টা

সহকারী প্রক্টরকে

অব্যাহতি

ব্যক্তি প্রতিনিধি >

উপাচার্যের আদেশক্রমে রেজিস্ট্রার আবদুল খালেক স্বাক্ষরিত এক আদেশনামায় সহযোগী ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. আলমগীর হোসেন এবং সহকারী প্রক্টর ড. মো. আজহারুল ইসলামকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আদেশনামায় কোনো কারণ উল্লেখ করা হয়নি। গতকাল রবিবার বিকেল ৫টার দিকে ওই দুই শিক্ষকের কাছে জরুরি ওই আদেশনামা পাঠানো হয়। সেই সঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট বিভাগের প্রধানকে অনুরোধ জানানো হয়।

অব্যাহতির বিষয়ে সহযোগী অধ্যাপক ড. মো. আলমগীর হোসেন বলেন, 'চলমান তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ কমিটির একজন সদস্য ছিলাম আমি। নিয়োগ বাণিজ্যের অভিযোগ থাকায় চূড়ান্ত ফলাফলে স্বাক্ষর না করার ক্ষেত্রে আমাকে অব্যাহতি দিতে পারেন।'

সহকারী প্রক্টর ড. মো. আজহারুল হক বলেন, 'উপাচার্যের নৈতিক স্বলনের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় আমাকে অব্যাহতি দেওয়া হয়েছে।' এ ছাড়া উপাচার্যের সঙ্গে অসদাচরণ করার অভিযোগ এনে উজ্জ্বল প্রজন্ম ও কৌলিবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. উজ্জ্বল কুমার নাথের কাছে ব্যাখ্যা চেয়ে নোটিশ দিয়েছে প্রশাসন। নোটিশে অভিযুক্ত শিক্ষককে ৭২ ঘণ্টার মধ্যে ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

এ বিষয়ে অধ্যাপক ড. উজ্জ্বল কুমার নাথ বলেন, 'নোটিশে আমিসহ কয়েকজন শিক্ষক-কর্মচারীর কথা উল্লেখ থাকলেও ব্যাখ্যা শুধু আমার কাছেই চাওয়া হয়েছে।'